বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
৮/সি, আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭।

www.bteb.gov.bd

স্মারক নংঃ ৫৭.১৭.০০০০.২০১.৩২.০০২.১৭-৬৭৯৬

তারিখঃ ২৮ মাঘ, ১৪২৬ বঙ্গাব্দ
১১ ফেব্রুয়ারি, ২০২০ খ্রিষ্টাব্দ

# বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের ২য়, ৪র্থ, ৬ষ্ঠ ও ৮ম পর্বে পুনঃভর্তি হতে ইচ্ছুক শিক্ষার্থীদের তথ্য আগামী ১৯-২২ ফেব্রুয়ারি ২০২০খ্রি. স্ব স্ব প্রতিষ্ঠানে Login করে Online-এর মাধ্যমে বোর্ডে প্রেরণ এবং তার হার্ডকপিসহ প্রয়োজনীয় কাগজপত্র (সাধারণ নিয়মাবলীতে বর্ণিত ডকুমেন্টস) ও ব্যাংক ড্রাফটের কপি সংযুক্ত করে আগামী ২৪ ও ২৫ ফেব্রুয়ারি ২০২০ খ্রি. তারিখে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের অধ্যক্ষের দপ্তর হতে বাহক মারফত পরিচালক (কারিকুলাম), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড বরাবর জমা প্রদান করতে অনুরোধ জানানো হলো।

## পুনঃভর্তির সাধারণ নিয়মাবলীঃ

১। পুনঃভর্তির আবেদনের সাথে রেজিস্ট্রেশন কার্ড এবং পূর্ববর্তী পর্বের প্রবেশ পত্র ও নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।

২। শুধুমাত্র ২য় এবং ৪র্থ পর্বে পুনঃভর্তিকৃত শিক্ষার্থীদের বাধ্যতামূলকভাবে প্রবিধান ২০১৬ অনুসরণ করতে হবে।

৩। ৬ষ্ঠ ও ৮ম পর্বে পুনঃভর্তিকৃত শিক্ষার্থীদের প্রবিধান ২০১০ এবং প্রবিধান ২০১৬ অনুসরণ করতে হবে। অর্থাৎ এ ক্ষেত্রে শিক্ষার্থী যে প্রবিধানের আওতায় ভর্তিকৃত সে প্রবিধান অনুসরণ করতে হবে।

৪। প্রবিধান ২০১০ এবং প্রবিধান ২০১৬-এর ৪.১৪.৪ ধারায় বর্ণিত অকৃতকার্য কোন শিক্ষার্থী ৬ষ্ঠ ও ৮ম পর্বে পুনঃভর্তি হতে চাইলে তাদের ক্ষেত্রে প্রবিধান ২০১০ এবং প্রবিধান ২০১৬-এর ৪.১৪.৫ ধারা মোতাবেক ৬ষ্ঠ ও ৮ম পর্বে সাময়িকভাবে অধ্যয়নের অনুমতি প্রদানের প্রমাণকসহ আবেদন করতে হবে।

৫। প্রবিধান ২০১০-এর সংশোধিত ধারা ৪.১৪.৪ এবং প্রবিধান ২০১৬-এর ধারা ৪.১৪.৪ মোতাবেক ৫ম ও ৭ম পর্বে ৪(চার) বা ততোধিক বিষয়ে অকৃতকার্য শিক্ষার্থীগণ পরবর্তিতে সংশ্লিষ্ট পর্বে ৫ম ও ৭ম পর্বে অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে পরীক্ষায় অংশগ্রহনের পর অনুত্তীর্ণ হলে তারা পুনঃভর্তিকৃত প্রতিষ্ঠানের ৫ম ও ৭ম পর্বের অনিয়মিত শিক্ষার্থী হিসেবে গণ্য হবে এবং পরবর্তি পর্বে অধ্যায়নের প্রদেয় পুনঃভর্তির আদেশ বাতিল বলে গণ্য হবে এবং প্রবিধান ২০১০-এর সংশোধিত ধারা ৪.১৪.৪ এবং প্রবিধান ২০১৬-এর ধারা ৪.১৪.৪ মোতাবেক ব্যবস্থা নিতে হবে।

৬। প্রতিষ্ঠানে পুনঃভর্তির আবেদন প্রাপ্তির পর আবেদন প্রবিধানের আলোকে যাচাই-বাছাই করে পুনঃ ভর্তিতে ইচ্ছুক শিক্ষার্থীদের তথ্য আগামী ১৯-২২ ফেব্রুয়ারি ২০২০খ্রি. তারিখের মধ্যে নিজ নিজ প্রতিষ্ঠানের মাধ্যমে Login-করে বোর্ড কর্তৃক নির্ধারিত ছকে Online-এর মাধ্যমে বোর্ডে প্রেরণ করতে হবে। Online-এ প্রেরিত শিক্ষার্থীদের তথ্যের হার্ড কপি প্রিন্ট করে রাখতে হবে এবং উক্ত প্রিন্ট কপিসহ অন্যান্য কাগজপত্র আগামী ২৪ ও ২৫ ফেব্রুয়ারি ২০২০ খ্রি. তারিখে বোর্ডে জমা প্রদান করতে হবে।

৭। পুনঃভর্তির আবেদনের প্রেক্ষিতে Online-এ প্রেরিত তথ্যের হার্ড কপি অনুসারে শিক্ষার্থীদের পুনঃ ভর্তি ফি বাবদ শিক্ষার্থী প্রতি ২০০/- (দুইশত) টাকা হারে মোট টাকা সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড-এর অনুকূলে ব্যাংক ড্রাফট করতে হবে। উল্লেখ্য প্রতিটি প্রতিষ্ঠানের মোট পুনঃ ভর্তি শিক্ষার্থীর জন্য মোট টাকার একটি মাত্র ব্যাংক ড্রাফটের মাধ্যমে জমা দিতে হবে।

বি:দ্র: পুনঃভর্তিকৃত শিক্ষার্থীদের তথ্য Online-এ প্রদেয় ছক আকারে প্রতিষ্ঠান প্রধান কর্তৃক স্বাক্ষরসহ Online-এ প্রেরিত তথ্যের হার্ডকপি, শিক্ষার্থীর আবেদনের কপি, রেজিস্ট্রেশন কার্ড এবং পূর্ববর্তী পর্বের প্রবেশ পত্র ও নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি, সাময়িকভাবে অধ্যয়নের অনুমতি প্রদানের প্রমাণক (প্রযোজ্য ক্ষেত্রে) সংযুক্তসহ সমুদয় টাকার ব্যাংক ড্রাফট আগামী ২৪ ও ২৫ ফেব্রুয়ারি ২০২০ খ্রি. তারিখে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডে জমা প্রদান করতে হবে। উল্লেখ্য প্রতিটি প্রতিষ্ঠানের মোট পুনঃ ভর্তিকৃত শিক্ষার্থীর জন্য মোট টাকার একটি মাত্র ব্যাংক ড্রাফটের মাধ্যমে জমা দিতে হবে। ২৪ ও ২৫ ফেব্রুয়ারি ২০২০ খ্রি. তারিখের পরে কোন আবেদন এবং ব্যাংক ড্রাফট জমা নেয়া হবে না। এ বিষয়ে সকলের সহযোগীতা একান্তভাবে কাম্য।

11/02/2020
(ড. মোঃ নুরুল ইসলাম)
পরিচালক (কারিকুলাম)

স্মারক নংঃ ৫৭.১৭.০০০০.২০১.৩২.০০২.১৭-৬৭৯৬(৫০৪)
তারিখ ঃ ১১/০২/২০২০খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)।

১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
দৃষ্টি আকর্ষণঃ অতিরিক্ত সচিব (কারিগরি), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহণ পুল ভবন, ঢাকা।
২। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৩। সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৪। পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৫। পরিদর্শক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৬-৫০০। অধ্যক্ষ.......................................................................................................।
৫০১। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। (বিজ্ঞপ্তিটি জরুরী ভিত্তিতে ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ জানান হল)।
৫০২। উপ-সচিব(রেজিস্ট্রেশন), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৫০৩। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৫০৪। নথি।

11.02.2020
(প্রকৌশলী মোঃ ফারুক রেজা)
কারিকুলাম বিশেষজ্ঞ (ডিপ্লোমা)
ফোনঃ ০২-৫৫০০৬৫৪০
ইমেইলঃ bteb.dip@gmail.com